# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২২-৬০৯ তারিখ- ২২/০৮/২০২২

## সভার নোটিশ

রংপুর সদর উপজেলা পরিষদের আগষ্ট/২২ মাসের সভা ২৩/০৮/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন উপজেলা পরিষদের সম্মানীত চেয়ারম্যান জনাব মোছাঃ নাছিমা জামান ববি।

সংশ্লিষ্ট সদস্য ও কর্মকর্তাগণকে স্ব-স্ব বিভাগের কার্যপত্রসহ নির্ধারিত তারিখ ও সময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি:**

০১। গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
০২। গত সভার সিদ্ধান্ত সমুহের অগ্রগতি পর্যালোচনা।
০৩। কমিটির নিয়মিত সভা সম্পর্কিত প্রতিবেদন প্রেরণ সম্পর্কে আলোচনা।
০৪। কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৫। নতুন আইন, বিধি, সার্কুলার প্রজ্ঞাপন সম্পর্কে অবহিত করন।
০৬। মাননীয় উপদেষ্টার উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
০৭। UDCC সভা সম্পর্কে আলোচনা।
০৮ বিবিধ।

২২/০৮/২২

(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।
ফোন নম্বর-০৫২১-৬২১১৬।

প্রাপক :..................................................

..................................................
রংপুর সদর, রংপুর।

**বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। মাননীয় সংসদ সদস্য-২১, রংপুর-৩ আসন।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, রংপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।
০৬। নোটিশ বোর্ড.................................................. অফিস।
০৭। অফিস সহকারী-কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রংপুর সদর, রংপুর। তাকে পত্রটি উপজেলা ওয়েব পোটালে আপলোড করার জন্য বলা হলো।
০৮। অফিস কপি।

CamScanner

# আগষ্ট-২২ মাসের উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী
## রংপুর সদর, রংপুর।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোছাঃ নাছিমা জামান ববি<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>রংপুর সদর, রংপুর। |
| তারিখ | : | ২৩/০৮/২০২২খ্রিঃ। |
| সময় | : | সকাল : ১১.০০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।**

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার জনাব মোছাঃ নুর নাহার বেগম সভাপতির আসন গ্রহণ করার জন্য অনুরোধ জানালে জনাব মোছাঃ নাছিমা জামান ববি, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভাপতির আসন গ্রহণ করেন এবং স্বাগত বক্তব্য রাখেন। বিষয় ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তের জন্য সকল সদস্য ও কর্মকর্তাকে অনুরোধ জানান। সকল কর্মকর্তা নিজ বিভাগের গুরুত্বপূর্ণ বিষয় সমূহের উপর বিস্তারিত আলোচনা করেন। আলোচনা এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | আলোচনা | উপজেলা কমিটির সিদ্ধান্ত | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিস :**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর জানান যে, বর্তমানে কোভিড-১৯ নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। সকলকে মাস্ক পরিধান করার জন্য মতামত ব্যক্ত করেন। মাস্ক পরিধানের বিষয়ে গ্রামগঞ্জে প্রচার চালানোর জন্য জনপ্রতিনিধিসহ সকলকে অনুরোধ করেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সুপারিশ সমূহ:<br>১) সুখী পরিবার ভিত্তিক গ্রাম প্রতিষ্ঠার লক্ষ্যে পরিবার কল্যাণ সংঘ সদস্যগণকে পরিবার পরিকল্পনা, মা-শিশুস্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ প্রদান (প্রতি ইউনিয়নে ১টি করে গ্রাম)<br>২) মমিনপুর ও চন্দনপাট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশের জন্য প্রধান রাস্তা হতে এ্যাপ্রোচ রোড নির্মাণ।<br>৩) রংপুর সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ত্রিশোর্ধ্ব বিবাহিত নারীগণের জরায়ুমুখে ক্যান্সার (স্ক্রিনিং) ভাষা টেস্ট) শীর্ষক প্রকল্প বাস্তবায়ন | কোভিড-১৯ মোকাবেলায় সকলকে মাস্ক পরিধানে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ০২ | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিস**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, আইইউডি লক্ষ্যমাত্রা-১০২, অর্জন-৩৮, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা-১২৫, অর্জন-২৯৭, স্থায়ী পদ্ধতি লক্ষ্যমাত্রা-৮১, অর্জন- ১৮৬, গর্ভবতীর পরিচর্যা লক্ষ্যমাত্রা- ২৫৮২, অর্জন- ২৬৩৯, ডেলিভারী লক্ষ্যমাত্রা- ৩৩৯, অর্জন- ৫০৪, প্রসবোত্তর সেবা লক্ষ্যমাত্রা- ১৩৮০, অর্জন- ১১২৪ এবং শিশু পরিচর্যা লক্ষ্যমাত্রা- ৩৪১৭, অর্জন- ৩৮৫০জন। | | অর্জিত লক্ষমাত্রা ধরে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| | **উপজেলা জনস্বাস্থ্য অফিস**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সুপারিশ সমূহ:**<br>১) ০৫টি ইউনিয়নেহাত ধোয়া ও পুষ্টি বিষয়ে বিভিন্ন স্থানে ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সচেতনতামুলক সভা সেমিনার বা আলোচনা সভা করে সাধারণ জনগণকে শতভাগ হাইজিন অভ্যাস ও শতভাগ অপুষ্টি বিষয়ে সচেতনতা করে তুলতে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রংপুর সদর, রংপুর। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ অফিস**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |
| ০৫ | **সিনিয়র উপজেলা মৎস্য অফিস**<br>সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, রংপুর জেলাকে পিরানহা মাছ মুক্ত ঘোষণা করা হয়েছে। এ প্রেক্ষিতে রংপুর সদর উপজেলায় অভিযান, মোবাইল কোর্ট, সচেতনতা সভা, লিফলেট বিতরণ, বাজার পরিদর্শনসহ বিভিন্ন কার্যক্রম চলমান রয়েছে। এলক্ষ্যে স্থানীয় জনপ্রতিনিধি, গণমান্য ব্যক্তিসহ সকলের সহযোগিতা প্রয়োজন। | | পিরানহা মুক্ত রাখতে জনসচেতনতা সভা, লিফলেট বিতরণসহ হাট-বাজারগুলোতে মোবাইল কোট পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৬ | **উপজেলা কৃষি অফিস**<br>উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর বলেন যে, বর্তমানে ০৭টি প্রকল্পের কাজ চলমান আছে। নিয়মিত সার মনিটরিং করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ০৭ | **বরেন্দ্র বহমুখী উন্নয়ন (বিএমডিএ)**<br>সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, ঘাঘট নদীতে নিম্ন তফশীলভুক্ত স্থানে ১০টি এলএলপি (নদী হতে পানি তোলা পাম্প) স্থাপন করা যেতে পারে। এতে নদীর তীরবর্তী ২৪০হেক্টর জমি সেচের আওতায় আসবে। তফশীল সমূহ: রংপুরের ১) ওয়ার্ড নং-১৪ মৌজা-মনোহরপুর, ১০৫/৩৮১, ২)ওয়ার্ড নং-১৪, মৌজা-মনোহরপুর, ৩) ওয়ার্ড নং-১৪, মৌজা- বড়বাড়ী ৪) চন্দনপাট, মৌজা- যাদবপুর ৫) ওয়ার্ড নং- ৩১, মৌজা- সিলিমপুর ১২৮/১৫৭ ৬) ওয়ার্ড নং-৩৩, মৌজা- হোসেন নগর ৭) চন্দনপাট ইউনিয়নের মৌজা-ভবানীপুর, ৮) মৌজা- আরাজি ধর্মদাস, ৯) মৌজা- আরাজি ধর্মদাস এবং ১০) ওয়ার্ড নং-৩৩ মৌজা- মেকুড়া। উপরোক্ত স্থানে এলএলপি স্থাপন করার অনুমোদনের জন্য উপস্থাপন করেন। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, রংপুর সদর, রংপুর |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮। | **উপজেলা খাদ্যনিয়ন্ত্রক দপ্তর**<br>উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় সুবিধাভোগীদের নাম অনলাইনে অন্তর্ভূক্তির কার্যক্রম চলমান আছে। আগামী ৩০/০৮/২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে।<br>খাদ্য বান্ধব কার্ডধারী ব্যক্তিগণই যেন অনলাইনে নাম অন্তর্ভূক্ত করতে পারে সে জন্য গুরুত্বারোপ করা হয়েছে।<br>তিনি আরো বলেন যে, খাদ্য বান্ধব কার্ড করার সময় কোন ধরণের অনিয়ম না হয় সেদিকে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্টদের সজাগ থাকার ব্যাপারে গুরুত্বারোপ করেন।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর বলেন যে, খাদ্য বান্ধব কার্ডধারী ব্যক্তিগণ অনলাইনে আবেদন অন্তরর্ভূক্ত করার নির্দেশনা থাকলেও বিভিন্ন স্থান থেকে অনিয়মের অভিযোগ পাওয়া যাচ্ছে। অনিয়ম যাতে না হয় সেদিকে সজাগ থাকার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | | বিধি মোতাবেক কার্যক্রম বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্যনিয়ন্ত্রক, রংপুর সদর, রংপুর |
| ০৯ | **উপজেলা প্রকৌশলী**<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, এলজিইডির রোড ইনভেন্টরীতে নতুন অন্তভূক্ত করার জন্য পত্র পাওয়া গেছে। রংপুর সদর উপজেলার ০৫টি ইউনিয়নের ইউনিয়ন চেয়ারম্যান, ইউপি সদস্য গন্যমান্যব্যক্তিসহ জনপ্রতিনিধিদের সাথে পরামর্শক্রমে চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয়ের নির্দেশ মোতাবেক সরেজমিনে নতুন ১০০টি 'বি' টাইপের রাস্তা নতুন ইনভেন্টরীতে সংযোজনের প্রস্তাব করা হয়েছে। রাস্তার নামগুলো (পরিশিষ্ট-খ) তালিকা সভায় উপস্থাপন করেন।<br><br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের প্যাকেজ নং-আইএনএফ -২০১৯-২০-৫৫৮৫৭৩-০১, আইএনএফ -২০১৯-২০-৫৫৮৫৭৩-০২ এবং আইএনএফ -২০১৯-২০-৫৫৮৫৭৩-০৩ কাজ সম্পন্ন হয়েছে। উক্ত কাজের বিল পরিশোধের জন্য ঠিকাদারগণ আবেদন করেছেন। কারিগরী সহায়তাকারী কর্মকর্তা বিল প্রদানের জন্যও সুপারিশ করেছেন। সরেজমিনের পরিদর্শনে দেখা যায় কাজের গুনগতমান সন্তোষজনক আছে। বিলটি অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | | ১) এলজিইডির রোড ইনভেন্টরীতে নতুন রাস্তা তালিকা (পরিশিষ্ট-খ) "বি" টাইপের রাস্তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২) উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থ বছরের প্যাকেজ নং-আইএনএফ-২০১৯-২০-৫৫৮৫৭৩-০১, আইএনএফ -২০১৯-২০-৫৫৮৫৭৩-০২ এবং আইএনএফ -২০১৯-২০-৫৫৮৫৭৩-০৩বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ১০ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-৪

CamScanner

১২২



| | | | |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা শিক্ষা অফিস**<br>উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরের প্রতিনিধি সভায় জানান যে, জানপুর মুন্সীরহাট একটি ভবন সেটা প্রকৌশলী দপ্তর হতে পরিত্যাক্ত ঘোষণা করা হয়েছে। জরুরী ভিত্তিতে উক্ত বিদ্যালয়ে ভবন নির্মাণ করা প্রয়োজন।<br>তিনি আরো বলেন যে, ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় হতে রংপুর সদর উপজেলায় ০৪টি শিক্ষা প্রতিষ্ঠানে ডিজিটাল পাঠদান করার জন্য প্রয়োজনীয় সামগ্রী সরবরাহ করার নিমিত্তে পত্র প্রেরণ করেছেন। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, সিএমসি কমিটি সভা করে প্রতি কক্ষের জন্য ৪০জনের একটি রুম। সে প্রেক্ষিতে কতটা রুমের প্রয়োজন তা উপজেলা শিক্ষা কমিটির সভায় প্রেরণ করতে হবে।<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর প্রায়ই সভায় অনুপস্থিত থাকে এবং প্রতিনিধি প্রেরণ করেন। কিন্তু প্রতিনিধি অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে সভায় সঠিক জবাব দিতে পারেন না। ফলে বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যাঘাত সৃষ্টি হয়।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর সভায় বলেন যে, ফতেপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পাশে প্রধান শিক্ষক মুরগীর ফার্ম দিয়ে ব্যবসা করে আসছে। এতে কোমলমতি শিক্ষার্থীদের পাঠদানে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে।<br>তিনি আরো বলেন যে, দীর্ঘদিন যাবত উপজেলা শিক্ষা কমিটির মিটিং হয় না। উপজেলা শিক্ষা কমিটির মিটিং করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরকে বার বার মৌখিকভাবে তাগিদ দেয়া হয়। কিন্তু তাতেও উপজেলা শিক্ষা কমিটির মিটিং আহবান করা হচ্ছে না। বিষয়টি দুঃখ জনক।<br>তিনি আরো বলেন যে, ২নং পালিচড়া এবং কেশবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সিলিপের টাকা কাজ ঠিকমত হয়নি মর্মে অভিযোগ পাওয়া গেছে। | | ১) আগামী ১৫ দিনের মধ্যে উপজেলা শিক্ষা কমিটির সভা আহবান করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।<br>২) নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৫

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৩ | **উপজেলা সমাজসেবা অফিস**<br>উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, রংপুর সদর, রংপুর। |
| ১৪ | **উপজেলা যুব উন্নয়ন অফিস**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৫ | **উপজেলা মহিলা বিষয়ক অফিস**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রংপুর সদর, রংপুর |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিস**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৭ | **উপজেলা সমবায় অফিস**<br>উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার, রংপুর সদর, রংপুর |
| ১৮ | **উপজেলা পরিসংখ্যান অফিস**<br>উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও জেলা অফিসে প্রেরণসহ বিভিন্নস্থায়ী অস্থায়ী ফসলের আনুমানিক হিসাব প্রেরণ। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান, রংপুর সদর, রংপুর |
| ১৯ | **উপজেলা বন বিভাগ**<br>রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর সভায় জানান যে, অবৈধভাবে ব্যবহৃত করাত কল বন্ধের জন্য অভিযান পরিচালনা করা হচ্ছে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, সদর রেঞ্জ, রংপুর। |
| ২০ | **উপ-সহকারী প্রকৌশলী বিএডিসি :**<br>উপ-সহকারী প্রকৌশলী, রংপর সদর, রংপুর সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না। | আগামী সভায় উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, রংপুর সদর, রংপুর। |
| ২১ | **উপজেলা আনসার ও ভিডিপি অফিস**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিধি মোতাবেক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, রংপুর সদর, রংপুর |
| ২২ | **বিবিধ :**<br>উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর জানান যে, রংপুর সদর উপজেলার সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করার জন্য ১৬২টি জীবিত গাছ কর্তনের অনুমতি চেয়ে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রয়োজনীয় ডকুমেন্টসহ স্থানীয় সরকার মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল। কিন্তু মন্ত্রণালয় থেকে ২২/০৮/২০২২ খ্রঃ তারিখে স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৬.১৮.০৩৮.১২.৫০৫ পত্রে উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য প্রস্তাবিত স্থানের ১৬২টি জীবিত গাছ কর্তন না করে | বিস্তারিত আলোচনান্তে রংপুর সদর উপজেলার সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণের জন্য বিকল্প কোন জায়গা না থাকায় উপজেলা পরিষদের নিজস্ব জায়গায় জীবিত ১৬২টি গাছ কর্তনের সুপারিশ করণের জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর, রংপুর। |

চলমান পাতা-০৬

| | | | |
|---|---|---|---|
| | প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ করা যায় কি না সে বিষয়ে মতামত প্রদানের জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুরকে বলা হয়েছে। সে প্রেক্ষিতে তিনি সরেজমিনে পরিদর্শন করেছেন।<br>উপজেলা প্রকৌশলী, রংপুর সদর জানান যে, উপজেলা পরিষদের মালিকানাধীন মোট জমির উপর বিভিন্ন বিভাগের ভবনসমূহ যেভাবে বর্তমানে অবস্থিত তাতে সম্প্রসারিত ভবন নির্মাণের জন্য যতটুকু ফাঁকা জায়গা প্রয়োজন তা বর্তমানে নেই এবং কোন ভবন ভেঙ্গে করাও সম্ভব না। কারণ উক্ত ভবন সমুহের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বিকল্প কোন ভবন নেই। এতে দাপ্তরিক কার্যক্রম মারাত্মক ব্যাঘাত হবে। এমতাবস্থায় বিকল্প স্থান না থাকায় ১৬২টি জীবিত গাছ কর্তন করে উক্ত স্থানে প্রস্তাবনা দেয়া হয়েছে। উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন এবং সিদ্ধান্ত হয় যে, সদর উপজেলার সম্প্রসারিত ভবন এবং হলরুম নির্মাণের জন্য কোন বিকল্প স্থান না থাকায় উক্ত স্থানে ১৬২টি গাছ কর্তনের সুপারিশ প্রদানের জন্য উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৫/২০২২

(মোছাঃ নাছিমা জামান ববি)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
রংপুর সদর, রংপুর।

CamScanner

১৫-২০৬

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# উপজেলা পরিষদ

রংপুর সদর, রংপুর।

স্মারক নং-০৫.৫৫.৮৫৪৯.০০০.০৫.০৬.২২- ৭১৭ তারিখ- ২৬/০৬/২২

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২১ রংপুর-৩, রংপুর।

০৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, রংপুর।

০৬। পুলিশ সুপার, রংপুর।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর রংপুর।

০৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর।

৯। উপজেলা........................................ অফিসার, রংপুর সদর, রংপুর।

১০। চেয়ারম্যান....................................... ইউনিয়ন পরিষদ (সকল), রংপুর সদর রংপুর।

১১। জনাব ............................................................

১২। অফিস কপি।

২৬/০৬/২০২২
(মোছাঃ নুর নাহার বেগম)
উপজেলা নির্বাহী অফিসার
রংপুর সদর, রংপুর।